গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিভিল সার্জনের কার্যালয়, কিশোরগঞ্জ।
www.cs.kishoreganj.gov.bd

স্মারক নং-সিএস/কিশোর/প্রশাসন/২০২৪/৫০৪৮ তারিখ- ১৩/০৩/২০২৪খ্রি.।

নিয়োগ বিজ্ঞপ্তি

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, স্বাস্থ্য সেবা বিভাগ এর স্মারক নং-৪৫.০০.০০০০.১৪০.১১.০০৫.২৪-১৭৭, তারিখ-২১/০১/২০২৪খ্রি. মোতাবেক স্বাস্থ্য অধিদপ্তরাধীন সিভিল সার্জনের কার্যালয়, কিশোরগঞ্জ ও তার নিয়ন্ত্রণাধীন প্রতিষ্ঠানসমূহে স্থায়ী রাজস্ব খাতভুক্ত গ্রেড ভিত্তিক সরাসরি নিয়োগযোগ্য ১১-২০ গ্রেডভুক্ত (পূর্বতন ৩য়-৪র্থ শ্রেণি) নিম্নলিখিত শূন্য পদে জনবল নিয়োগের নিমিত্তে কিশোরগঞ্জ জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নেবর্ণিত শর্তসাপেক্ষে **http://cskishoreganj.teletalk.com.bd** ওয়েবসাইটে অনলাইন (Online)-এ আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

ক্রঃনং	পদের নাম	পদের সংখ্যা	গ্রেড ও জাতীয় বেতন স্কেল ২০১৫	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১	পরিসংখ্যানবিদ	০৪ (চার)	গ্রেড-১৪, বেতন স্কেল-(১০২০০-২৪৬৮০/-)	ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পরিসংখ্যান, গণিত, অর্থনীতি বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রী। খ) কম্পিউটার চালানোর দক্ষতা।
২	কীটতত্ত্বীয় টেকনিশিয়ান	০১ (এক)	গ্রেড-১৫, (৯৭০০-২৩৪৯০/-)	কোন স্বীকৃত বোর্ড হতে জীববিজ্ঞানসহ বিজ্ঞান বিভাগে উচ্চ মাধ্যমিক/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
৩	ষ্টোর কিপার	০৫ (পাঁচ)	গ্রেড-১৬, বেতন স্কেল-(৯৩০০-২২৪৯০/-)	ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। খ) ষ্টোর কিপার পদধারীগণকে সরকারি বিধি অনুযায়ী জামানত প্রদান করিতে হইবে।
৪	স্বাস্থ্য সহকারী	১৫৬ (একশত ছাপ্পান্ন)	গ্রেড-১৬, (৯৩০০-২২৪৯০/-)	কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
৫	অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক	১৪ (চৌদ্দ)	গ্রেড-১৬, (৯৩০০-২২৪৯০/-)	ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উর্ত্তীণ। খ) কম্পিউটার চালনায় দক্ষতা। গ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২০ শব্দ ও ইংরেজিতে ২০ শব্দের ন্যূনতম গতি।
৬	গাড়ী চালক	০৪ (চার)	গ্রেড-১৬, (৯৩০০-২২৪৯০/-)	ক) কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। খ) হালকা গাড়ী চালনার হালনাগাদ বৈধ ড্রাইভিং লাইসেন্স। গ) অভিজ্ঞতা সম্পন্ন চালকগণ অগ্রাধিকার পাবে।

০১। বিশেষ নির্দেশনাঃ

১.১ আগ্রহী প্রার্থীগণ **http://cskishoreganj.teletalk.com.bd** ওয়েবসাইট (Online)-এ আবেদনপত্র পূরণ করবেন। ওয়েবসাইটে প্রকাশিত নির্দেশিকা মোতাবেক ফরম পূরণ করতে হবে। অনলাইন (Online) ব্যতীত কোন আবেদন গ্রহণ করা হবে না।

১.২ নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত পদসমূহে নিয়োগ ও কোটার ক্ষেত্রে সরকার কর্তৃক জারীকৃত সর্বশেষ আইন বিধি ও নীতি অনুসরণ করা হবে।

১.৩ উক্ত নিয়োগের ক্ষেত্রে বাংলাদেশ স্বাস্থ্য বিভাগীয় নন-মেডিকেল নিয়োগ বিধিমালা-২০১৮, কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা-২০১৯ ও জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত বিধি অনুযায়ী ক্যাটাগরি ভিত্তিক প্রযোজ্য তফসীল অনুসারে লিখিত ও মৌখিক (প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক) পরীক্ষার মাধ্যমে নিয়োগ কার্যক্রম সম্পন্ন হবে।

১.৪ স্বাস্থ্য সহকারী পদের ক্ষেত্রে সংশ্লিষ্ট ইউনিয়নের পুরাতন ওয়ার্ডের স্থায়ী বাসিন্দা হতে হবে। একই ইউনিয়নের অন্য ওয়ার্ডের বাসিন্দাগণ আবেদন করতে পারবেন। তবে সংশ্লিষ্ট পুরাতন ওয়ার্ডের বাসিন্দা যোগ্য প্রার্থী পাওয়া গেলে অন্য ওয়ার্ডের প্রার্থীদের বিবেচনা করা হবে না।

১.৫ স্বাস্থ্য সহকারী শূন্য পদের তালিকা (পুরাতন ওয়ার্ড, ইউনিয়ন, উপজেলা ভিত্তিক), সিভিল সার্জনের কার্যালয়, কিশোরগঞ্জ ও উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যালয় (সকল), কিশোরগঞ্জ এর নোটিশ বোর্ডে পাওয়া যাবে।

১.৬ কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি এবং প্রয়োজনে যে কোন শর্ত সংযোজন, সংশোধন ও পরিবর্তন এবং বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১.৭ স্বাস্থ্য অধিদপ্তরের স্মারক নং-স্বাঃ অধিঃ/প্রশা-২/৩য় শ্রেণির নিয়োগ-৪/২০১৮/৬৩৫৪, তারিখ-১১/১২/২০১৮খ্রিঃ তারিখের বিজ্ঞপ্তি অনুযায়ী যারা পূর্বে উল্লিখিত পদ সমূহে আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নাই।

১.৮ প্রার্থী কর্তৃক প্রদত্ত যে কোন তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা প্রয়োজনীয় তথ্য গোপন করলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে অথবা কোন প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে অথবা মিথ্যা, ভিন্ন/ভুল তথ্য দিয়ে একাধিকবার ফরম পূরণ করে একাধিক প্রবেশপত্র গ্রহণ করলে অথবা পরীক্ষায় অসদুপায় অবলম্বন করলে অথবা পরীক্ষা কেন্দ্রে দুর্ব্যবহার করলে পরীক্ষার পূর্বে বা পরে, এমনকি নিয়োগের পরেও যেকোন পর্যায়ে প্রার্থিতা বা নিয়োগ বাতিল করাসহ প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১.৯ কোন প্রার্থী কোন বিদেশী নাগরিককে বিবাহ করলে বা বিবাহ করতে প্রতিজ্ঞাবদ্ধ হলে তিনি আবেদনের অযোগ্য বলে বিবেচিত হবেন।

চলমান পাতা- ০২

১.১০ প্রজাতন্ত্রের কর্মে নিযুক্ত কোন ব্যক্তি ফৌজদারি অপরাধে দণ্ডিত হলে কিংবা বরখাস্ত হলে আবেদনের অযোগ্য বলে বিবেচিত হবেন। সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত/ আধা-স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীগণকে (নির্ধারিত বয়সসীমার মধ্যে) অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ পূর্বক আবেদন করতে হবে এবং সকল চাকুরীরত প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তিপত্র (NOC) মূল কপি জমা দিতে হবে।

১.১১ প্রার্থী বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/বীর মুক্তিযোদ্ধাদের নাতি-নাতনী হলে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইট www.molwa.gov.bd এবং উক্ত ওয়েবসাইটে সর্বশেষ সংরক্ষিত/প্রদর্শিত তালিকার যেকোন একটি প্রমাণক দাখিল করবেন। এক্ষেত্রে কোন প্রকার সাময়িক সনদ বা বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ সনদ প্রযোজ্য হবে না। মুক্তিযোদ্ধার সন্তান, সন্তানদের সন্তান কোটায় আবেদনকারীকে মুক্তিযোদ্ধার সহিত সম্পর্ক বিষয়ে সিটি কর্পোরেশনের মেয়র/ওয়ার্ড কমিশনার/পৌরসভার মেয়র/ কাউন্সিলর/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক স্বাক্ষরিত মূল সনদপত্র দাখিল করতে হবে।

১.১২ এতিম ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীগণকে সমাজসেবা অধিদপ্তরের অধীন জেলা সমাজসেবা অফিসের উপ-পরিচালক/সমমর্যাদা সম্পন্ন/দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট কর্মকর্তা অথবা ক্ষমতাপ্রাপ্ত উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত এতিম/শারীরিক প্রতিবন্ধী সনদ দাখিল করতে হবে।

১.১৩ আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্যভুক্ত ন্যূনতম ২১ দিনের প্রশিক্ষণ যা অত্র বিজ্ঞপ্তি পত্রিকায় প্রকাশিত তারিখের পূর্বে সম্পন্ন হতে হবে) প্রার্থীকে আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্য মর্মে আনসার ও ভিডিপির জেলা কমান্ডেন্ট কর্তৃক প্রদত্ত সনদপত্র দাখিল করতে হবে।

১.১৪ প্রার্থীকে মৌখিক পরীক্ষার বোর্ডে সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, জাতীয় পরিচয়পত্র (NID), অভিজ্ঞতা, কোটা বা অন্য কোন সুবিধা দাবির ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র সমূহের মূলকপি প্রদর্শন করতে হবে এবং উহার ০১ সেট (১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত) ফটোকপি ও ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্রসহ জমা দিতে হবে।

১.১৫ প্রার্থী ক্ষুদ্র নৃ-গোষ্ঠী হলে সংশ্লিষ্ট যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র দাখিল করতে হবে।

১.১৬ প্রযোজ্য ক্ষেত্রে কম্পিউটার জ্ঞানের সমর্থনে সনদের সত্যায়িত কপি জমা দিতে হবে।

১.১৭ নিয়োগের লক্ষ্যে অনুষ্ঠেয় পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১.১৮ আবেদনপত্র, লিখিত, মৌখিক ও প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক পরীক্ষায় প্রার্থীর স্বাক্ষর অভিন্ন হতে হবে।

১.১৯ জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত পরিপত্র অনুযায়ী অপেক্ষমাণ তালিকা প্রস্তুতপূর্বক সংরক্ষণ করা হবে।

১.২০ চূড়ান্ত বাছাইকৃত/নিয়োগপ্রাপ্ত প্রার্থীর পুলিশ ভেরিফিকেশন এবং স্বাস্থ্য পরীক্ষার কোন প্রকার বিরূপ তথ্য পাওয়া গেলে কোন কারণ দর্শানো ব্যতীত তার নিয়োগ বাতিল বলে বিবেচিত হবে।

১.২১ আবেদন ফরমের সকল কলাম যথাযথ পূরণ করতে হবে (প্রযোজ্য ক্ষেত্রে)।

০২। বয়সসীমাঃ

২.১ প্রার্থীর বয়সসীমা ১৯/০৩/২০২৪খ্রি. তারিখে ১৮ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার সন্তান ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে সরকারি বিধি মোতাবেক বয়সসীমা ৩২ (বত্রিশ) বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

২.২ পরিসংখ্যানবিদ, কীটতত্ত্বীয় টেকনিশিয়ান, ষ্টোর কিপার, স্বাস্থ্য সহকারী ও অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক এর ক্ষেত্রে বয়স প্রমাণের জন্য এসএসসি/সমমানের পরীক্ষার এবং গাড়ী চালকের ক্ষেত্রে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি)/সমমানের পরীক্ষার সনদে প্রদত্ত জন্ম তারিখ বয়স গণনার ভিত্তি হিসেবে বিবেচিত হবে এবং বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

০৩। নাগরিকত্বঃ

৩.১ প্রার্থীকে অবশ্যই কিশোরগঞ্জ জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে এবং নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত শর্তানুযায়ী স্থায়ী বাসিন্দার প্রমাণক হিসাবে জাতীয় পরিচয়পত্র (NID)/জন্ম নিবন্ধন সনদপত্র ও সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন এর যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র দাখিল করতে হবে।

৩.২ প্রার্থী কর্তৃক আবেদন পত্রে বর্ণিত স্থায়ী ঠিকানা (Permanent Address) যদি ইতিপূর্বে কোন সার্টিফিকেটে, জাতীয় পরিচয়পত্রে বা অন্যত্র স্থায়ী ঠিকানা হতে ভিন্নতর হয় কিংবা মহিলা প্রার্থীদের ক্ষেত্রে যদি স্বামীর ঠিকানা ব্যবহার করা হয়, তবে সে ক্ষেত্রে প্রার্থীকে পরিবর্তিত স্থায়ী ঠিকানার স্বপক্ষে জাতীয় পরিচয়পত্র (NID)/সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের মেয়র/ওয়ার্ড কমিশনার/পৌরসভার মেয়র/কাউন্সিলর/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক স্বাক্ষরিত মূল সনদপত্র দাখিল করতে হবে।

০৪। সংরক্ষণঃ

৪.১ নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

০৫। সকল পদে অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলি, শর্তাবলি ও পরীক্ষার ফি জমাদানের সময় নিম্নরূপঃ

৫.১ আবেদনপত্র পূরণ ও ফি জমাদান শুরুর তারিখ ও সময় ১৯/০৩/২০২৪খ্রি. সকাল ৯.০০টা হতে ০৮/০৪/২০২৪খ্রি. বিকাল ০৪.০০টা পর্যন্ত।

৫.২ উক্ত সময়সীমার মধ্যে কেবল User ID প্রাপ্ত প্রার্থীগণ (Online)-এ আবেদন Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে এসএমএস-এর মাধ্যমে বিজ্ঞপ্তিতে বর্ণিত নির্ধারিত পদ্ধতি অনুসরণ করে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

৫.৩ Online আবেদনপত্রে প্রার্থী তার রঙিন ছবি (দৈর্ঘ্য 300 x প্রস্থ 300) Pixel এবং স্বাক্ষর (দৈর্ঘ্য 300x প্রস্থ 80) Pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100kb ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60kb এর মধ্যে হতে হবে।

৫.৪ Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী শতভাগ নিশ্চিত হবেন। প্রার্থী Online-এ পূরণকৃত আবেদন পত্রের একটি রঙিন প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যেকোন প্রয়োজনে সহায়ক হিসাবে সংরক্ষণ করবেন।

চলমান পাতা-০৩

৫.৫ SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষায় ফি প্রদানঃ Online এ আবেদন (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতো ছবি ও স্বাক্ষর upload করে আবেদনপত্র submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবি সহ Application preview দেখা যাবে। যদি Applicant's Copy-তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি ও স্বাক্ষর সঠিক না থাকে, তাহলে আবেদন ফি জমা না দিয়ে থাকলেই কেবল পুনরায় (Web-এ) আবেদন করতে পারবেন। উল্লেখ্য যে, আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's Copy-তে তার সাম্প্রতিক তোলা রঙ্গিন ছবি,নির্ভুল তথ্য ও স্বাক্ষরযুক্ত PDF (Applicant's Copy) প্রার্থী ডাউনলোড পূর্বক নিশ্চিত করে রঙ্গিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন।

৫.৬ Applicant's Copy-তে দেয়া User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যেকোন Teletalk pre-paid mobile নম্বর এর মাধ্যমে ০২ (দুই) টি পৃথক SMS করে পরীক্ষার ফি বাবদ (সকল পদের জন্য) ২০০/- (দুইশত) টাকা, Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ২৩/-টাকা সহ (অফেরত যোগ্য) মোট ২২৩/- (দুইশত তেইশ) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য Online আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

০৬। ফি জমা দেওয়ার পদ্ধতিঃ

প্রথম SMS: CSKISHOREGANJ<space>**User** ID লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে। Example: CSKISHOREGANJ ABCDEF & Send to 16222.

Reply: Applicant's Name, Tk 223 will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type CSKISHOREGANJ <space>Yes<space>PIN and send to 16222.

দ্বিতীয় SMS: CSKISHOREGANJ<space>**Yes**<space>**PIN** লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে।

Example: CSKISHOREGANJ YES 12345678 & Send to 16222.

Reply: Congratulations, Applicant's Name, payment completed Successfully for CSKISHOREGANJ application for (post name) User ID is (ABCDEF) and Password (xxxxx)..

০৭। প্রবেশপত্র প্রাপ্তি স্বীকারঃ

৭.১ প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://cskishoreganj.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online-এ, আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল নম্বরে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

৭.২ SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও পরীক্ষা কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী প্রিন্ট (রঙিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

০৮। কর্তৃপক্ষের সিদ্ধান্ত মোতাবেক প্রাথমিকভাবে বাছাইকৃত প্রার্থীগণ লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন এবং লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত হবেন এবং প্রার্থীদেরকে মৌখিক পরীক্ষার সময় নিম্নোক্ত কাগজপত্রসমূহের মূলকপি প্রদর্শন করতে হবে এবং ০১ (এক) কপি করে সত্যায়িত অনুলিপি জমা দিতে হবে। সকল সত্যায়ন/প্রত্যয়ন সরকারি প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে এবং সত্যায়ন/প্রত্যয়নের ক্ষেত্রে কর্মকর্তার নাম ও পদবিযুক্ত সীল ব্যবহার করতে হবে।

(ক) সকল শিক্ষাগত যোগ্যতার সনদসহ চাহিত অন্যান্য নথিপত্রের সত্যায়িত কপি।

(খ) প্রযোজ্য ক্ষেত্রে কম্পিউটার জ্ঞানের সমর্থনে সনদের সত্যায়িত কপি।

(গ) চাকুরীর আবেদন ফরমে উল্লিখিত স্থায়ী ঠিকানা নিজ জেলা ও জাতীয়তার সমর্থনে ইউনিয়র পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক ইস্যুকৃত জাতীয়তা সনদপত্রের মূল/সত্যায়িত কপি। স্বাস্থ্য সহকারী পদের ক্ষেত্রে জাতীয়তা সনদপত্রে অবশ্যই প্রার্থীর নিজ গ্রাম ও সাবেক ওয়ার্ড নম্বর এবং ইউনিয়নের নাম উল্লেখ থাকতে হবে।

(ঘ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক মূল সনদপত্র।

(ঙ) মুক্তিযোদ্ধার সন্তান, সন্তানদের সন্তান কোটায় আবেদনকারীকে মুক্তিযোদ্ধার সহিত সম্পর্ক বিষয়ে মেয়র/ইউপি চেয়ারম্যান কর্তৃক মূল সনদপত্র সংযুক্ত করতে হবে।

(চ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/উপজাতি ও অন্যান্য কোটাভুক্ত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত সনদপত্রের সত্যায়িত ফটোকপি।

(ছ) এতিম ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্রের সত্যায়িত ফটোকপি।

০৯। শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত এসএমএস পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

(ক) User ID জানা থাকলে: **CSKISHOREGANJ**<space>**Help**<space>**User**<space>**User ID** & Send to 16222.

Example: CSKISHOREGANJ HELP User ABCDEF.

(খ) PIN Number জানা থাকলে: **CSKISHOREGANJ**<space>**Help**<space>**PIN**<space>**PIN** No & Send to 16222.

Example: CSKISHOREGANJ Help PIN 12345678.

১০। বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও **QR Code** স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল ফেসবুক পেইজে https://www.alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। লিখিত, মৌখিক ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষার ফলাফল পত্রিকায় প্রকাশ করা হবে এবং নিয়োগ সংক্রান্ত সকল তথ্য সিভিল সার্জন অফিসের নোটিশ বোর্ডে পাওয়া যাবে।

চলমান পাতা- ০৪

১১। Online আবেদন করতে কোনো সমস্যা হলে alljobs.query@teletalk.com.bd ই-মেইলে অথবা যে কোন টেলিটক নম্বর থেকে কল করুন ১২১ নম্বরে। এছাড়া বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল ফেসবুক পেইজে https://www.facebook.com/alljobsbdTeletalk প্রবেশ করে মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে অথবা alljobs.query@teletalk.com.bd এই ই-মেইলে যোগাযোগ করা যাবে (Mail /মেসেজ এর Subject-এ Organization Name: CSKISHOREGANJ, Post Name, Applicant's User ID ও contact number অবশ্যই উল্লেখ করতে হবে)।

১২। প্রার্থীকে শেষ তারিখের জন্য অপেক্ষা না করে পর্যাপ্ত সময় নিয়ে সতর্কতার সাথে অনলাইনে যথাযথভাবে আবেদনপত্র পূরণ এবং নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে ফি জমাদানসহ সকল প্রক্রিয়া সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো।

১৩। একই তারিখ ও সময়ে সকল পদের পরীক্ষা অনুষ্ঠিত হবে বিধায় একই ব্যক্তি একাধিক পদে আবেদন করতে পারবেন না।

সিভিল সার্জন, কিশোরগঞ্জ
এর ওয়েবসাইটে প্রবেশ এর
QR Code

সিভিল সার্জন, কিশোরগঞ্জ
এর টেলিটক পোর্টালের
QR Code

(ডা. সাইফুল ইসলাম)
কোড নং-১১৪১৩০
সিভিল সার্জন, কিশোরগঞ্জ
ও
সদস্য সচিব
৩য় ও ৪র্থ শ্রেণির (১১-২০ গ্রেড) জনবল নিয়োগ কমিটি।
মোবাইল নং- ০১৭০১২৪৮১৪৬
Email-kishoreganj@cs.dghs.gov.bd

স্মারক নং-সিএস/কিশোর/প্রশাসন/২০২৪/৫০৪৮/১(২০০) তারিখ- ১৩/০৩/২০২৪খ্রি.।

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-

১। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। দৃষ্টি আকর্ষণ-উপসচিব, প্রশাসন-১ অধিশাখা।
২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২। দৃষ্টি আকর্ষণ- সহকারী পরিচালক (সমন্বয়)।
৩। পরিচালক (প্রশাসন/অর্থ/এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২।
৪। পরিচালক ও লাইন ডাইরেক্টর (হাসপাতাল ও ক্লিনিক সমূহ), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২।
৫। পরিচালক (স্বাস্থ্য), ঢাকা বিভাগ, ঢাকা।
৬। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, এজিবি ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৭। জেলা প্রশাসক, কিশোরগঞ্জ।
৮। পুলিশ সুপার, কিশোরগঞ্জ।
৯। পরিচালক, শহীদ সৈয়দ নজরুল ইসলাম মেডিকেল কলেজ হাসপাতাল, কিশোরগঞ্জ।
১০। অধ্যক্ষ, শহীদ সৈয়দ নজরুল ইসলাম মেডিকেল কলেজ, কিশোরগঞ্জ।
১১। তত্ত্বাবধায়ক, ২৫০ শয্যা জেনারেল হাসপাতাল, কিশোরগঞ্জ।
১২। সহকারী পরিচালক (সহকারী সচিব), বাংলাদেশ সরকারি কর্মকমিশন, ঢাকা।
১৩। নির্বাহী প্রকৌশলী গণপূর্ত বিভাগ/এলজিইডি, কিশোরগঞ্জ।
১৪। উপপরিচালক, পরিবার পরিকল্পনা/জেলা যুব উন্নয়ন অধিদপ্তর, কিশোরগঞ্জ।
১৫। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), কিশোরগঞ্জ।
১৬। জেলা তথ্য কমকর্তা, জেলা তথ্য অফিস, কিশোরগঞ্জ।
১৭। জেলা শিক্ষা অফিসার/জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, কিশোরগঞ্জ।
১৮। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা (সকল), কিশোরগঞ্জ।
১৯। জুনিয়র কনসালটেন্ট, বক্ষব্যাধি ক্লিনিক, কিশোরগঞ্জ।
২০। জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, কিশোরগঞ্জ।
২১। অফিসার ইনচার্জ (সকল থানা), কিশোরগঞ্জ।
২২। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা (সকল), কিশোরগঞ্জ।
২৩। সভাপতি/সম্পাদক --।
২৪। জনাব ---।
২৫। নোটিশ বোর্ড, অত্র কার্যালয়।
২৬। অফিস নথি।

সিভিল সার্জন, কিশোরগঞ্জ
ও
সদস্য সচিব
৩য় ও ৪র্থ শ্রেণির (১১-২০ গ্রেড) জনবল নিয়োগ কমিটি।